

এসএসসি পরীক্ষার রুটিন এখনও প্রকাশ হয়নি ছড়িয়ে পড়া সময়সূচি শিক্ষা বোর্ডের নয়

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ১০ ডিসেম্বর ২০২৩



[image](#)

ছবি : সংগৃহীত

২০২৪ সালের এসএসসি পরীক্ষার রুটিন এখনও প্রকাশ হয়নি কিন্তু সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক ও বিভিন্ন অনলাইন মাধ্যমে এসএসসি পরীক্ষা-২০২৪ এর সময়সূচি প্রচার করা হচ্ছে, যা সঠিক নয় বলে শিক্ষা বোর্ড।

রোববার (১০ ডিসেম্বর) আন্তর্জাতিক শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশার স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৪ সালের এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারির মাঝামাঝিতে শুরু হবে। পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি এখনো চূড়ান্ত হয়নি। ইতিমধ্যে ফেসবুক ও বিভিন্ন অনলাইনের মাধ্যমে ছড়িয়ে পড়া এসএসসি পরীক্ষা ২০২৪-এর সময় সময়সূচি দেখা যাচ্ছে, যা ঢাকা শিক্ষা বোর্ডের ইস্যু করা বা প্রকাশিত নয়। সময়সূচি চূড়ান্ত হলে সব বোর্ডের ওয়েবসাইটে ও জাতীয় পত্রিকাগুলোর মাধ্যমে জানা যাবে।